**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বিভাগীয় কমিশনারের কার্যালয়**
**রাজশাহী**
www.rajshahidiv.gov.bd

স্মারক নং-০৫.৪৩.০০০০.০০২.০৫.০০৩.২১.২৫৪ তারিখ: ২৩ ডিসেম্বর ২০২১ খ্রি.

**নওগাঁ জেলার মান্দা উপজেলা ভূমি অফিস আকস্মিক পরিদর্শন প্রতিবেদন**

পরিদর্শনকারী কর্মকর্তা : ড. মোঃ হুমায়ুন কবীর
বিভাগীয় কমিশনার
রাজশাহী
পরিদর্শনের তারিখ : ০৯ ডিসেম্বর ২০২১
পরিদর্শনের সময় : বিকাল ৫-৪০টা

গত ০৯ ডিসেম্বর ২০২১ তারিখ নওগাঁ জেলার মান্দা উপজেলা ভূমি অফিস আকস্মিক পরিদর্শন করি। পরিদর্শনকালে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), নওগাঁ জনাব মোঃ শিহাব রায়হান, উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) (অঃদাঃ), মান্দা জনাব মোঃ আবু বাক্কার সিদ্দিকসহ ভূমি অফিসের কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে উপস্থিত কয়েকজন সেবাপ্রত্যাশীর মতামত জানতে চাওয়া হলে তারা ভূমি অফিসের সেবায় সন্তোষ প্রকাশ করেন। আকস্মিক পরিদর্শনকালে ভূমি ব্যবস্থাপনা ডিজিটাল সংক্রান্ত বিষয়সহ ভূমি অফিসের কার্যক্রম পর্যালোচনা করা হয়।

- উপজেলা ভূমি অফিসে মঞ্জুরীকৃত মোট পদের সংখ্যা ১৭টি। এর মধ্যে বর্তমানে ১০ জন কর্মরত রয়েছেন। বাকি ০৭টি পদ শূন্য রয়েছে। কর্মচারীদের মধ্যে দায়িত্ব বন্টন করা আছে।
- উপজেলা ভূমি অফিসটি উপজেলা চত্বরে পুরাতন কোর্ট ভবনের একাংশে অবস্থিত। ভূমি অফিসের অধীন ইউনিয়ন ভূমি অফিসের সংখ্যা ০৭টি, মোট মৌজার সংখ্যা ২৯৯টি। আরএস জরিপ মোতাবেক মোট খতিয়ানের সংখ্যা ৭১৪২৬টি এবং মোট হোল্ডিং সংখ্যা ১০৮১৭১টি।
- মোট জমির পরিমাণ ৮০৯৫০.১০ একর, তন্মধ্যে কৃষি জমির পরিমাণ ৫৩৯৬৬.৭৪ একর এবং অকৃষি জমির পরিমাণ ২৬৯৮৩.৩৬ একর।
- ব্যবহারভিত্তিক জমির পরিমাণ আবাসিক ৩৬৩৮৮২.০৮ একর, বাণিজ্যিক ১৮১.৫১ একর, সরকারি প্রতিষ্ঠান ২৭১৪২.৪৮ একর এবং বে-সরকারি প্রতিষ্ঠান ৬৬৭.১৫ একর। ২৫ বিঘার উর্দ্ধে ভূমি উন্নয়ন কর আদায়যোগ্য হোল্ডিং সংখ্যা ২২৭৩৬টি, নিম্নে ৯০৬৮৯টি।
- মোট খাস জমির পরিমাণ ৫৬১৪.৩৮ একর, তন্মধ্যে ৭৮৮.০৭ একর এবং অকৃষি খাস জমি ৪৮১৭.৯১ একর।
- মোট হাট-বাজারের সংখ্যা ২৭টি, তন্মধ্যে বাংলা ১৪২৮ সনে ইজারাকৃত হাটের সংখ্যা ২২টি। পেরিফেরীকৃত হাটের সংখ্যা ২৭টি, ০৫টি হাট হতে খাস আদায় করা হয়।
- ২০ একরের উর্দ্ধে মোট জলমহালের সংখ্যা ১৮টি এবং নিম্নে ৫২৫টি। চলতি বছরে ইজারাকৃত জলমহালের সংখ্যা ৮৩টি। মোট ইজারাকৃত ২৯৯টি, খাস আদায় চলমান ২২৬টি।
- উপজেলায় বালুমহালের সংখ্যা মোট ০৩টি।
- মোট অর্পিত সম্পত্তির পরিমাণ 'ক' তফসীলভূক্ত ৬১৭.০১ একর এবং 'খ' তফসীলভূক্ত ২০৬৯.৮৬ একর।
- ২০২০-২১ অর্থবছরে ভূমি উন্নয়ন করের সাধারণ দাবী বকেয়াসহ মোট ১,০০,৯১,৪৬১/- টাকা, পুঞ্জিভূত আদায় ৬০,৯৬,৪০৯/- টাকা। সংস্থার দাবী বকেয়াসহ মোট ১,৩১,৪০,১৯৮/- টাকা, পূঞ্জীভূত আদায় ১৭,৫৪৫/- টাকা।
- আবাসন/আশ্রয়ণ প্রকল্পে 'ক' শ্রেণির পুনর্বাসিত পরিবারের সংখ্যা ১১১টি, তন্মধ্যে ১ম পর্যায়ে ৯০টি, ২য় পর্যায়ে ২১টি এবং ৩য় পর্যায়ে ৫২টি ( ৪২টি খাস জমিতে এবং ১০টি ক্রয়কৃত জমিতে)।
- আশ্রয়ণ প্রকল্প মোট ০২টি, মোট ব্যারাক সংখ্যা ০৯টি, মোট ঘরের সংখ্যা ৯০টি, পুনর্বাসিত পরিবারের সংখ্যা ৯০টি। আবাসন প্রকল্প মোট ০৪টি, মোট ব্যারাক সংখ্যা ১১টি, মোট ঘরের সংখ্যা ১১০টি, পুনর্বাসিত পরিবারের সংখ্যা ৭০টি। আদর্শ গ্রাম মোট ০২টি, মোট ঘরের সংখ্যা ১৫০টি, পুনর্বাসিত পরিবারের সংখ্যা ১৫০টি। গুচ্ছগ্রাম মোট ০২টি, মোট ঘরের সংখ্যা ২৬টি, পুনর্বাসিত পরিবারের সংখ্যা ২৬টি।

- ২০২১ সালে মোট ০৫টি দেওয়ানী মোকদ্দমার আরজি পাওয়া গেছে। বর্তমানে ০৩টি এসএফ প্রেরণ করা হয়েছে এবং ০২টি মামলার এস,এফ পেন্ডিং আছে।
- এ পর্যন্ত ই-নামজারি মামলার সংখ্যা ১১২৮৩টি। নিষ্পন্ন মামলার সংখ্যা ৯৮৩৬টি, চলমান মামলার সংখ্যা ১৪৪৭টি, নিষ্পত্তির হার ৮৮%।
- উপজেলার মোট ১,১৩,৪২৫টি হোল্ডিং এর মধ্যে ৮৮,৩৯৩টি হোল্ডিং অনলাইনে এন্ট্রি হয়েছে।
- চলতি অর্থ বছরে প্রাপ্ত দাখিলার সংখ্যা ১৬০টি, বিতরণ ১৫১টি এবং প্রাপ্ত ডিসিআর এর সংখ্যা ৫৯টি, ব্যবহার ৩২টি।

**সার্বিক মন্তব্য :**

- শূন্যপদসমূহ পূরণের লক্ষ্যে জেলা প্রশাসক, নওগাঁ প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন।
- খাস জমি বন্দোবস্তের ক্ষেত্রে প্রকৃত ভূমিহীনদের বাছাই করতে হবে।
- সকল বিধি-বিধান অনুসরণ করে হাট-বাজার ইজারা কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- সর্বশেষ জারিকৃত নীতিমালা অনুযায়ী জলমহালসমূহ ইজারার ব্যবস্থা করতে হবে।
- নামজারি মামলা পরিচালনার ক্ষেত্রে সেবাপ্রত্যাশীগণ যাতে কোনভাবেই হয়রানির শিকার না হন সে বিষয়টি নিশ্চিত করতে হবে।
- প্রতিদিনের আদায় যথাযথভাবে রেজিস্টারে এন্ট্রি করতে হবে। খাস আদায়কৃত টাকা যথাযথভাবে নির্ধারিত সরকারি খাতে জমা প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে।
- অনলাইনে হোল্ডিং এন্ট্রির কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।
- সংস্থার বকেয়া দাবী আদায়ের জন্য সংশ্লিষ্ট সকলকে পত্র দিতে হবে এবং সহকারী কমিশনার (ভূমি)-কে সর্বদা তৎপর থাকতে হবে।
- ইউনিয়ন ভূমি সহকারী ও উপ-সহকারী কর্মকর্তাদের নিয়ে মাসিক সভা করে দাবী আদায়ের ক্ষেত্রে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) নিয়মিত বিরতিতে অফিসটি পরিদর্শন/দর্শন করবেন।

২৭/১/২০২১

**ড. মোঃ হুমায়ুন কবীর**
বিভাগীয় কমিশনার
রাজশাহী

**বিতরণ:**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ)
২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা
৪। জেলা প্রশাসক, নওগাঁ
৫। উপজেলা নির্বাহী অফিসার, মান্দা, নওগাঁ
৬। সহকারী কমিশনার (ভূমি), মান্দা, নওগাঁ